# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৪৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ পান-পাত্রের বিবরণ

আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: تَجَشَّأَ رَجُلٌ عِنْدَ النَّبِيِّ ﷺفَقَالَ كُفَّ جُشَاءَكَ عَنَّا فَإِنَّ أَطْوَلَكُمْ جُوعًا يَوْمَ الْقِيَامَةِ أَكْثَرُكُمْ شِبَعًا فِى دَارِ الدُّنْيَا

বাংলা

(৩১৪৮) ইবনে উমার (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এক ব্যক্তি ঢেকুর তুললে তিনি তাকে বললেন, আমাদের নিকট তোমার ঢেকুর তোলা বন্ধ কর। দুনিয়ায় যে অধিক পরিতৃপ্ত হয়, কিয়ামতে সে অধিক ক্ষুধার্ত হবে। (তিরমিযী ২৪৭৮, ইবনে মাজাহ ৩৩৫০, হাসান সহীহ)

আবূ জুহাইফা (রাঃ) বলেন, একদা মাংস-রুটির সারীদ খেয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে ঢেকুর তুললে তিনি তাঁকে বললেন, ওহে! আমাদের নিকট তোমার ঢেকুর তোলা বন্ধ কর। কারণ, দুনিয়ায় যে অধিক পরিতৃপ্ত হয়, কিয়ামতে সে অধিক ক্ষুধার্ত হবে।

এ হাদীস শোনার পর তিনি মরণকাল পর্যন্ত কোনদিন পেট পুরে খানা খাননি। তিনি রাতের খাবার খেলে, দুপুরের খাবার খেতেন না এবং দুপুরের খাবার খেলে আর রাতের খাবার খেতেন না। (আল-ইস্তিআব ৪/১৬২০, উসুদুল গাবাহ ৪/৪০০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন